

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.১৬ (ঙ) চাশত, ইশরাক ও আউয়াবীনের সালাত - ৮০. ইশরাক বা চাশতের সালাত কখন পড়তে হয়?

সূর্য উদিত হয়ে এক বর্শা বা আনুমানিক এক মিটার পর্যন্ত উপড়ে যখন উঠে তখনই এ সালাতের সময় শুরু হয়। অর্থাৎ, সূর্যোদয়ের মুহূর্ত থেকে পনেরো মিনিট পরেই এ সালাতের সময় শুরু হয় এবং সূর্য ঠিক মাথার উপরে আসার পূর্ব পর্যন্ত এ সালাতের সময় থাকে। চাশতের সালাতকে ইশরাক বা আউয়ারীনের সালাতও বলা হয়। এগুলো একই সালাত। সূর্যোদয়ের পরপরই প্রথম দিকে পড়লে হয় ইশরাক এবং সূর্যের তাপ একটু বাড়ার পরপর পড়লে বলা হয় চাশতের সালাত বা আউয়াবীনের সালাত। কেউ কেউ বলে মাগরিবের পর আদায় করা নফল সালাত হলো আউয়াবীনের 'সালাত- এটি ঠিক নয়। কারণ এর পক্ষে কোন সহীহ হাদীস-দলীল নেই। কিছু অগ্রহণযোগ্য ও খুবই দুর্বল হাদীসের ভিত্তিতে বিষয়টি সমাজে প্রচলিত। বরং চাশতের সালাতই আউয়াবীনের সালাত যার পক্ষে সহীহ দলীল আছে।

রাসূলুল্লাহ (স) বলেছেন, 'আউয়াবীনের সালাতের সময় হলো (সূর্যের তাপে) যখন মাটি গরম হতে থাকে তখন (মুসলিম)। আর এটাই প্রমাণ করে যে, চাশতের সালাতই হলো আউয়াবীনের সালাত ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12966

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন